পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় সিনিয়র সচিবের দপ্তর		
প্রাপ্তির তারিখ	ঃ	২২/০৬/২৪
ডাইরী নম্বর	ঃ	১১৩২
তারিখ	ঃ	
অতিরিক্ত সচিব (প্রশাসন/উন্নয়ন/সমন্বয়/পরিষদ		
সিনিয়র সচিবের একান্ত সচিব	ঃ	
স্বাক্ষর ঃ	ঃ	

প্রাপক : সিনিয়র সচিব
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

বিষয় : পরিদর্শন প্রতিবেদন দাখিল।

সূত্র: এ মন্ত্রণালয়ের বাজেট/প্রশাসন-২ শাখার স্মারক নং-২৯.০০.০০০০.২১৮.০৫.০১৬.২৩-২০৬, তারিখ: ২৮/০৫/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সবিনয়ে জানাচ্ছি যে, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৪র্থ ত্রৈমাসিক (এপ্রিল'২৪ হতে জুন'২৪ পর্যন্ত) লক্ষ্যমাত্রা অনুযায়ী ৩০-৩১ মে ২০২৪ তারিখে রাঙ্গামাটি পার্বত্য জেলায় কর্মরত ০৬টি এনজিও কার্যক্রম পরিদর্শনের জন্য সূত্রোক্ত স্মারকে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে অফিস আদেশ জারি করা হয়। সে অনুযায়ী নিম্নস্বাক্ষরকারী কর্তৃক গত ২৯/০৫/২০২৪ তারিখ হতে ০১/০৬/২০২৪ তারিখ পর্যন্ত রাঙ্গামাটি পার্বত্য জেলায় গমনপূর্বক নিম্নলিখিত ০৬ (ছয়)টি এনজিও কার্যক্রম পরিদর্শন করি:

ক) মোনঘর এর Improving Quality Education in Moanoghar School;

খ) টংগ্যা এর Develop Role Model of Hill Water Resources and Natural Forest Conservation of Ethnic Communities through Youth Engagement;

গ) বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি (এফপিএবি) এর Responding With Essential SRHR/Service Provision and New Delivery Mechanisms (RESPOND);

ঘ) প্রোগ্রেসিভ এর Enhancing Economic Empowerment of Indigegous Women (EEEIW);

ঙ) দি লেপ্রসি মিশন ইন্টারন্যাশনাল এর চিটাগাং হিল ট্রাক্টস লেপ্রসি কন্ট্রোল এন্ড রিহ্যাবিলিটেশন প্রজেক্ট এবং

চ) খ্রিস্টীয়ান কমিশন ফর ডেভেলপমেন্ট ইন বাংলাদেশ এর সহযোগী শান্তির আলো উন্নয়ন সংস্থার সমন্বিত দারিদ্র্য বিমোচন প্রকল্প।

২। এমতাবস্থায়, প্রস্তুতকৃত এনজিও কার্যক্রম পরিদর্শন প্রতিবেদনসমূহ মহোদয়ের সানুগ্রহ অবগতির জন্য দাখিল করা হলো।

সংযুক্ত: বর্ণনানুযায়ী ১৬ (ষোল) ফর্দ।

২২/০৬/২৪
(মো: সফিকুর রহমান)
সহকারী সচিব (গবেষণা কর্মকর্তা) ও
সহকারী পরিচালক, শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম
ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

প্রশাসন অনু বিভাগ	
প্রাপ্তির তারিখ	২৩/৬/২৪
প্রেরণের তারিখ	
ডায়েরী নং	৫৫৬
যুগ্ম-সচিব (প্রশাসন)	
ব্যক্তিগত কর্মকর্তা	

পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় যুগ্মসচিব (প্রশাসন) এর দপ্তর		
প্রশাসন-১ শাখা	ঃ	প্রশাসন-২/বাজেট শাখা
আইন শাখা	ঃ	হিসাব শাখা
পিও	ঃ	
আইসিটি শাখা	ঃ	
ডাইরী নং ৬৭৭		তারিখ ২৩/৬/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mochta.gov.bd

মোনঘর এনজিও পরিদর্শন ছক

১ম অংশ

০১।	পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী	:	জনাব মো: সফিকুর রহমান, সহকারী সচিব (গবেষণা কর্মকর্তা) ও সহকারী পরিচালক, শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, ঢাকা
০২।	পরিদর্শনের অফিস আদেশ নং ও তারিখ	:	নং- ২৯.০০.০০০০.২১৮.০৫.০১৬.২৩-২০৬; তারিখ: ২৮/০৫/২০২৪ খ্রি:
০৩।	পরিদর্শনের তারিখ	:	৩০/০৫/২০২৪ খ্রি:
০৪।	এনজিও'র নাম ও ঠিকানা	:	মোনঘর, গ্রাম: রাঙ্গাপানি, পো: রাঙ্গামাটি-৪৫০০, থানা: কোতয়ালী, জেলা: রাঙ্গামাটি পার্বত্য জেলা, টেলিফোন: ০৩৫১-৬১০৪৩,৬২৭৯৬ ই-মেইল : moanoghar@gmail.com ওয়েবসাইড: www.moanoghar.org
০৫।	ব্যুরোর নিবন্ধন নম্বর ও তারিখ এবং সর্বশেষ নবায়নের তারিখ	:	এনজিও ব্যুরো ১৬৩৭ তাং-১৪/০৪/২০২১, ১৩/০৫/২০৩১ খ্রিঃ পর্যন্ত
০৬।	পরিদর্শিত এনজিও'র নির্বাহী প্রধানের নাম ও পদবী, টেলিফোন /মোবাইল ফোন নম্বর	:	অশোক কুমার চাকমা নির্বাহী পরিচালক রাঙ্গাপানি, রাঙ্গামাটি সদর, পোস্ট বক্স -৫, রাঙ্গামাটি-৪৫০০ মোবাইল: ০১৭৩২-৬০২৮০৫ ashok.chakma@moanoghar.org
০৭।	পরিদর্শনকালে উপস্থিত এনজিও'র কর্মকর্তা/কর্মকর্তাগণের নাম ও পদবী	:	(নিম্নে টেবিল দেখুন)
০৮।	কর্মসূচিটি সংস্থা কর্তৃক সরাসরি না সহযোগী এনজিও কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে? সহযোগী এনজিও কর্তৃক বাস্তবায়িত হলে তার নাম ও ঠিকানা এবং সমাজসেবা অধিদপ্তর/ মহিলা বিষয়ক অধিদপ্তরের নিবন্ধন নম্বর ও তারিখ	:	কর্মসূচিটি সংস্থা কর্তৃক সরাসরি বাস্তবায়ন করা হচ্ছে। সমাজসেবা অধিদপ্তরের নিবন্ধন নম্বর ও তারিখ – রাঙ্গা-১৮(৮৭১)/৮০, তাং-৯/১২/১৯৮০
০৯।	প্রকল্প বাস্তবায়নের শর্ত মোতাবেক এফডি-৬ এর কপি স্থানীয় প্রশাসনকে (জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা) প্রদান করা হয়েছে কিনা? হয়ে থাকলে প্রমানক প্রদান করতে হবে।	:	প্রদান করা হয়েছে।
১০।	স্থানীয় প্রশাসন/সরকারী দপ্তরকে (প্রযোজ্য ক্ষেত্রে) কিভাবে সম্পৃক্ত করা হয়েছে সে মর্মে সংক্ষপ্তি ও স্পষ্ট র্বণনা।	:	জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক আহত মাসিক সমন্বয় সভায় নিয়মিতভাবে প্রকল্পের অগ্রগতি উপস্থাপন করা হয়। মাসিক প্রতিবেদনও জমা দেওয়া হয়।

ক্রমিক নং	উপস্থিত কর্মীর নাম	পদবী
০১.	ভেনা: বুদ্ধদত্ত ভিক্ষু	যুগ্ম সাধারণ সম্পাদক
০২.	মি. জটিল বিহারী চাকমা	ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক
০৩.	মি. অরুপন বিকাশ বড়ুয়া	সহকারী প্রধান শিক্ষক
০৪.	মিজ. হবি চাকমা	প্রশাসনিক কর্মকর্তা
০৫.	নন্দ কিশোর চাকমা	সমন্বয়কারী (উচ্চ শিক্ষা কর্মসূচি)

১১।	প্রকল্প বাস্তবায়নকালে স্থানীয় প্রশাসনের কোন কোন কর্মকর্তা, কখন প্রকল্প পরিদর্শন করেছেন তাদের নাম, পদবী ও তাদের মন্তব্যের আলোকে গৃহীত ব্যবস্থা।	:	২৩ নভেম্বর ২০২১ খ্রিঃ, জনাব মো: মিজানুর রহমান, জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা, ১৬ নভেম্বর ২০২১ খ্রিঃ, জনাব নাজমা বিনতে আমিন, উপজেলা নির্বাহী কর্মকর্তা, রাঙ্গামাটি সদর, ২ মার্চ ২০২২ খ্রিঃ, জনাব অংসুই প্রু চৌধুরী, চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ।
১২।	পরিদর্শন রেজিষ্টার আছে কিনা? পরিদর্শন প্রতিবেদনসমূহ যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে কিনা?	:	পরিদর্শন রেজিষ্টার আছে এবং প্রতিবেদনসমূহ যথাযতভাবে সংরক্ষন করা হচ্ছে।
১৩।	পরিদর্শনকালে কতজন বিদেশী কর্মী/ বিদেশী স্বেচ্ছাসেবক কর্মরত পাওয়া গেছে এবং তারা কোন কোন প্রকল্পের অধীন কর্মরত (প্রযোজ্য ক্ষেত্রে)?	:	প্রযোজ্য নয়
১৪।	বিদেশী কর্মী/স্বেচ্ছাসেবক অনুপস্থিত থাকলে (দেশের বাহিরে) কী কারণে অনুপস্থিত এবং কতদিন যাবৎ অনুপস্থিতর যৌক্তকি কারণ?	:	প্রযোজ্য নয়
১৫।	অনুমোদিত প্রকল্প মোতাবেক জনবলের বিবরণ, নাম পদবী যোগদানের তারিখ ও বেতন স্কেল	:	১. মি. মৌসম দেওয়ান, সহকারী শিক্ষক, যোগদানের তারিখ ১/১/২০২১; বেতন স্কেল: ১৬,০০০ – ৩৮,৬৪০ টাকা ২. মিজ. জিমি ত্রিপুরা, সহকারী শিক্ষক, যোগদানের তারিখ ১/১/২০২১; বেতন স্কেল: ১৬,০০০ – ৩৮,৬৪০ টাকা ৩. মি. শুভ মিত্র চাকমা, সহকারী শিক্ষক, যোগদানের তারিখ ১/১/২০২১; বেতন স্কেল: ১৬,০০০ – ৩৮,৬৪০ টাকা ৪. মি. বিশ্বমনি চাকমা, সহকারী শিক্ষক, যোগদানের তারিখ ১/১/২০২১; বেতন স্কেল: ১২,৫০০ – ৩০,২৩০ টাকা ৫. মি. রাজ্যশ্রী চাকমা, সহকারী শিক্ষক, যোগদানের তারিখ ১/১/২০২১; বেতন স্কেল: ১৬,০০০ – ৩৮,৬৪০ টাকা ৬. মি. দীপু চাকমা, সহকারী শিক্ষক, যোগদানের তারিখ ১/১/২০২১; বেতন স্কেল: ১২,৫০০ – ৩০,২৩০ টাকা ৭. মি. জীবন বিকাশ চাকমা, সহকারী শিক্ষক, তারিখ ১/১/২০২১; বেতন স্কেল: ১৬,০০০ – ৩৮,৬৪০ টাকা
১৬।	কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করা হচ্ছে কিনা?	:	হ্যাঁ, ব্যাংক হিসাবের মাধ্যমে বেতন-ভাতা পরিশোধ করা হয়।
১৭।	সংস্থা কর্তৃক কোন সেবামূল্য (Service Charge) আদায় করা হচ্ছে কিনা? এই সেবামূল্য গ্রহণ ব্যুরো কর্তৃক অনুমোদিত কিনা এবং এটি কিভাবে ব্যবহত হচ্ছে?	:	প্রযোজ্য নয়।

২য় অংশ

১৮।	সংস্থার পরিদর্শনকৃত অফিস/ এলাকার নাম (গ্রাম পর্যায় পর্যন্ত উল্লেখ করতে হবে)	:	গ্রাম: রাঙ্গাপানি, পো: রাঙ্গামাটি-৪৫০০, থানা: কোতয়ালী, জেলা: রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৯।	পরিদর্শিত ইউনিটে/অফিসে Implementation Plan আছে কিনা। Implementation Plan টি স্বচ্ছ কিনা অর্থাৎ তা পাঠ করে কী কাজ, কখন হবে, কীভাবে হবে, বরাদ্দকৃত অর্থ, সময়সীমা ইত্যাদি সম্পর্কে কীরূপ ধারণা পাওয়া যায় (Implementation Plan টি সংযুক্ত করতে হবে)।	:	আছে। সংযুক্তি 'ক' দেখুন
২০।	পরিদর্শিত প্রকল্পের বিস্তারিত তথ্যাদি	:	
২০.১।	ক) প্রকল্পের নাম	:	Improving Quality Education in Moanoghar School.
	খ) প্রকল্পের মেয়াদ	:	৫ (পাঁচ) বছর
	গ) প্রকল্প সন	:	১ জানুয়ারী ২০২১ - ৩১ ডিসেম্বর ২০২৫
	ঘ) অগ্রগতি	:	পরিকল্পনা মোতাবেক ৩য় বছর পর্যন্ত সমস্ত কার্যক্রম বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। এতে শিক্ষার্থীদের গুণগত মান শিক্ষা নিশ্চিত করা হয়েছে।

ক্রম নং	সংস্থার বাস্তবায়নাধীন প্রকল্পের নাম	অর্থ বর্ষ	বরাদ্দ	ব্যয়
	Improving Quality Education in Moanoghar School	২০২১ ২০২২ ২০২৩	২,৫৭১,৩১০ ২,৬৩৮,৫১০ ২,৭০৯,০৭০	২,৫০৯,৩৭১ ২,৬২৬,৪২০ ২,৬৬৭,৩৩৯
২১।	প্রকল্পটির তথ্য স্থানীয় জনসাধারণের মাঝে প্রচারের কি ধরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে (ওয়েব সাইটে ও সাইন বোর্ডে)।	ওয়েব সাইটের মাধ্যমে		

৩য় অংশ

২২।	হিসাব সংরক্ষণ ও ব্যবস্থাপনার উপর পর্যবেক্ষণ:		
ক)	সংস্থা কর্তৃক দু'তরফা দাখিলা পদ্ধতিতে ক্যাশবহি ও লেজার সংরক্ষণ করা হচ্ছে কিনা ?	:	হ্যাঁ
খ)	ক্যাশবহি, লেজার, ভাউচার-এ দায়িত্বশীল কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে স্বাক্ষর করা হচ্ছে কিনা?	:	হ্যাঁ
গ)	বিল/ভাউচার তৈরী ও সংরক্ষণ ব্যবস্থা যথাযথ কিনা?	:	হ্যাঁ
ঘ)	৫০০/-টাকা বা তার চেয়ে বেশী যে কোন ব্যয়ের ক্ষেত্রে যথাযথভাবে রাজস্ব টিকেট সংযুক্ত করা হচ্ছে কিনা?	:	পার্বত্য অঞ্চলের জন্য রাজস্ব টিকেট প্রযোজ্য নয়।
ঙ)	চেক রেজিষ্টার সংরক্ষণ করা হচ্ছে কিনা?	:	হ্যাঁ
চ)	স্টক রেজিষ্টার সংরক্ষণ করা হচ্ছে কিনা?	:	হ্যাঁ
ছ)	মাদার একাউন্ট, প্রকল্পের সংশ্লিষ্ট ব্যাংক একাউন্ট এবং পরিদর্শিত এলাকার ব্যাংক একাউন্টের বিবরণ	:	**মাদার একাউন্ট:** হিসাবের নাম: মোনঘর হিসাব নং (চলতি): ০২৮১-১২২০০২১ ২০৬০ ব্যাংক: উত্তরা ব্যাংক লি., রাঙ্গামাটি শাখা **প্রকল্প হিসাব:** হিসাবের নাম: মোনঘর প্রজেক্ট ১০২০ হিসাব নং (চলতি): ০২৮১-১২২০০২১ ২৭৬১ ব্যাংক: উত্তরা ব্যাংক লি., রাঙ্গামাটি শাখা
জ)	উল্লিখিত একাউন্টসমুহের বিগত বৎসরের ব্যাংক বিবরণী পর্যালোচনা (কোন অস্বাভাবিক লেনদেন হয়ে থাকলে পরিদর্শনকারী কর্মকর্তা তা উল্লেখ করবেন)	:	প্রযোজ্য নয়।
ঝ)	ব্যুরো কর্তৃক অর্থছাড়ের পূর্বে মাদার একাউন্ট /প্রকল্প একাউন্টে অর্থ গ্রহণ করা হয়েছে কিনা (একাউন্ট নম্বরসহ)?	:	হ্যাঁ, মাদার একাউন্টের মাধ্যমে বৈদেশিক অনুদান গ্রহণ করা হয়েছে।
ঞ)	প্রকল্পে নিজস্ব অনুদান থাকলে বৈদেশিক অনুদানের পাশাপাশি তা প্রকল্প একাউন্টে জমা করা হয়েছে কিনা?	:	প্রযোজ্য নয়
২৩।	অভ্যন্তরীণ ব্যয়নিয়ন্ত্রণ ব্যবস্থা আছে কিনা? থাকলে তার বিবরণ	:	হ্যাঁ,
২৪।	উৎসে আয়কর কর্তন করা হচেছ কিনা?	:	পার্বত্য অঞ্চলের জন্য আয়কর প্রযোজ্য নয়। তবে বিধি মোতাবেক ভ্যাট নিয়মিত কর্তন করা হয়।
২৫।	নিয়মিত কর্তিত/ পরিশোধিত হয় কিনা?	:	হ্যাঁ
২৬।	স্থায়ী রেজিস্টার সংরক্ষণ করা হচেছ কিনা? চলতি বছর অর্জিত সম্পত্তি ও এর মূল্য সংক্রান্ত তথ্য	:	হ্যাঁ
২৭।	ব্যুরোর অনুমোদিত FD-৬এর আওতায় যানবাহন ক্রয় করা হয়েছে কিনা? হয়ে থাকলে যানবাহনের ক্রয় করা হয়েছে এবং যানবাহনের Blue Book সংস্থার নামে করা হয়েছে কিনা? যানবাহনের নিবন্ধন নম্বর আছে কিনা?	:	প্রযোজ্য নয়।
২৮।	অনুমোদিত ক্রয়বিধি আছে কিনা? নীতিমালার সাথে সংগতিপূর্ণ (Rationale) কিনা? ক্রয় কমিটি আছে কিনা?	:	হ্যাঁ, সংস্থার অনুমোদিত ক্রয় নীতিমালা আছে। উক্ত নীতিমালা অনুসারে ক্রয় কমিটির মাধ্যমে সংস্থার যাবতীয় ক্রয় সম্পাদন করা হয়।

২৯।	বড় ধরনের ক্রয়ে সিদ্ধান্ত গ্রহণ, দরপত্র আহবান, যাচাই, অনুমোদন, কার্যাদেশ প্রদান, অর্থ প্রদান ইত্যাদি ক্ষেত্রে কী প্রক্রিয়া অনুসরণ করা হয়েছে?	:	সংস্থার নিজস্ব ক্রয় নীতিমালা আছে। ক্রয় নীতিমালা অনুসারে, (১) ক্রয়ের পরিমাণ ১০,০০০/-(দশ হাজার টাকা পর্যন্ত) নির্বাহী পরিচালকের অনুমোদনক্রমে সরাসরি ক্রয় করা যায়; (২) ক্রয়ের পরিমাণ ১০,০০১/-টাকা হতে ৩০,০০০/-টাকা পর্যন্ত ক্রয় কমিটির মাধ্যমে ন্যূনতম ২টি সরবরাহকারী প্রতিষ্ঠান/তালিকাভুক্ত ভেন্ডর থেকে দরপত্র সংগ্রহ করে ক্রয় করা যায়; (৩) ক্রয়ের পরিমাণ ৩০,০০১/- হতে ২০০,০০০/-টাকা পর্যন্ত ন্যূনতম ৩টি সরবরাহকারী প্রতিষ্ঠান থেকে সরবরাহকারী প্রতিষ্ঠান/তালিকাভুক্ত ভেন্ডর থেকে দরপত্র সংগ্রহ করে ক্রয় কমিটির মাধ্যমে ক্রয় সম্পন্ন করা যায়; (৪) ক্রয়ের পরিমাণ ২০০,০০০/- (দুই লক্ষ টাকার) উর্ধ্বে হলে তালিকাভুক্ত ভেন্ডর অথবা প্রেস বিজ্ঞপ্তির মাধ্যমে দরপত্র আহবান করা হয়। ক্রয় কমিটি দরপত্রসমূহ মূল্যায়ন করে ক্রয় সম্পন্ন করে। (৫) সাধারণত ক্রয়ের পরিমাণ ৫,০০০/- টাকার উর্ধ্বে হলে হিসাব চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হয়। (৬) সকল বিল নির্বাহী পরিচালক কর্তৃক অনুমোদিত হওয়ার পর বিল পরিশোধের জন্য সংস্থার সভাপতি, সাধারণ সম্পাদক ও কোষাধ্যক্ষের মধ্যে যে কোনো দু'জনের স্বাক্ষরে চেক ইস্যু করা হয়।

৪র্থ অংশ

৩০।	Best Practice (যদি থাকে) এর সুস্পষ্ট বর্ণনা	:	মোনঘর একটি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান। পার্বত্য অঞ্চলের এতিম ও সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষাদানের উদ্দেশ্যে ১৯৭৪ সালে এটি প্রতিষ্ঠা করা হয়। এতিম ও সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষাদানের উদ্দেশ্যে মোনঘরের উদ্যোগে ১৯৮০ সালে মোনঘর আবাসিক বিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়। শুরুর দিকে শুধু এতিমদের আশ্রয় দেওয়া হলেও পার্বত্য অঞ্চলে দুর্গমতা ও প্রত্যন্ত এলাকার শিশুদের শিক্ষা সুযোগের অভাব ইত্যাদি বিষয় বিবেচনায় নিয়ে মোনঘর কর্তৃপক্ষ এতিমদের পাশাপাশি প্রত্যন্ত এলাকার প্রান্তিক শিশুদেরও মোনঘর শিশুসদনে আশ্রয় প্রদান করে। তিন পার্বত্য জেলা থেকে বিভিন্ন ক্ষুদ্র ক্ষুদ্র জাতিসত্তার ছেলেমেয়েরা মোনঘর আবাসিক বিদ্যালয়ে পড়ালেখা করছে। বর্তমানে ৭০০-এর অধিক এতিম ও প্রান্তিক এলাকার ক্ষুদ্র ক্ষুদ্র জাতিসত্তার ছেলেমেয়েরা মোনঘর আবাসিক ছাত্রাবাসে থেকে পড়ালেখা করছে। মোনঘর আবাসিক বিদ্যালয়ে আবাসিক ও অনাবাসিক মিলে ১,১০০-এর মতো শিক্ষার্থী পড়ালেখা করছে। আবাসিক সুবিধা না থাকলে প্রত্যন্ত এলাকার এতিম ও প্রান্তিক শিশুরা লেখাপড়ার সুযোগ পেতো না। মোনঘরের এ শিক্ষা কর্মসূচিকে একটি অনন্য মডেল হিসেবে গণ্য করা যায়। কেননা, জাতীয় শিক্ষানীতি ২০১০-তেও অনগ্রসর পার্বত্য অঞ্চলে আবাসিক বিদ্যালয় প্রতিষ্ঠার কথা বলা হয়েছে। মোনঘর দীর্ঘ চার দশকের অধিক সময় ধরে আবাসিক বিদ্যালয় মডেল অনুসরণ করে এতিম ও প্রান্তিক শিশুদের মধ্যে শিক্ষাদান করে আসছে।

৩১।	কোন Innovation থাকলে সুস্পষ্ট বর্ণনা	:	মোনঘর আবাসিক বিদ্যালয়কে পার্বত্য অঞ্চল তথা বাংলাদেশের জন্য একটি অনন্য উদ্যোগ হিসেবে গণ্য করা যায়। এতিম ও সবচেয়ে প্রান্তিক শিশুদের জন্য মোনঘর কর্তৃপক্ষ সমাজসেবা অধিদপ্তরের ক্যাপিটেশন গ্রান্টের পাশাপাশি স্পনসরশিপ কর্মসূচি চালু করে বিত্তবান ও দানশীল ব্যক্তিদের নিকট হতে অনুদান সংগ্রহ করে থাকে। এ উদ্যোগের ফলে অনেক প্রান্তিক শিশু লেখাপড়ার সুযোগ পাচ্ছে। পাশাপাশি ছাত্রাবাসে আবাসন, পানীয়জলসহ অন্যান্য সুযোগ-সুবিধাদি নিশ্চিত করতে সরকারের মুখাপেক্ষী না থেকে নিজেদের উদ্যোগে বিভিন্ন দাতব্য প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ রাখে। উদাহরণ হিসেবে উল্লেখ করা যায়, ছাত্রীদের আবাসন সমস্যা নিরসনের জন্য মোনঘর কর্তৃপক্ষ বাংলাদেশী ফাউন্ডেশন এ এফ মুজিবুর রহমান ফাউন্ডেশনকে যুক্ত করতে পেরেছে। ঐ ফাউন্ডেশনের প্রয়াত চেয়ারম্যান রেজাউর রহমান-এর নামে ছাত্রী নিবাসটি নামকরণ করা হয়। ঐ ছাত্রী নিবাস নির্মাণের ফলে ছাত্রীদের আবাসন সমস্যা বহুলাংশে সমাধান করা সম্ভব হয়েছে। সংস্থার পরিচালনার কাজে প্রাক্তন ছাত্র-ছাত্রীরাও নানাভাবে সম্পৃক্ত হয়েছে, যা একটি স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠানের স্থায়িত্বশীলতার জন্য খুবই গুরুত্বপূর্ণ।
৩২।	পরিদর্শিত কর্মসূচীর বিষয়ে বেনিফিসিয়ারী, সংশ্লিষ্ট কর্মকর্তা, জনপ্রতিনিধি প্রমুখের সাথে সাক্ষাতকারের বিবরণ এবং প্রকল্প কর্মসূচী বাস্তবায়নের ফল বিশ্লেষণ।	:	প্রযোজ্য নয়
৩৩।	পরিদর্শনে প্রাপ্ত অনিয়মের বিবরণ (প্রয়োজনে পৃথক কাগজে সংযুক্ত করতে হবে)	:	প্রযোজ্য নয়
৩৪।	পরিদর্শনকারী কর্মকর্তার মন্তব্য	:	পার্বত্য অঞ্চলের মত স্থানে মোনঘর এনজিও স্বেচ্ছাসেবী প্রতিষ্ঠান হিসেবে এলাকার এতিম ও সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষাদান উত্তরোত্তর বিকাশ ঘটুক এ প্রত্যাশা করি।

৩৫। সাধারণ পর্যবেক্ষণ (ছবিসহ):





ছবি: মোনঘর এর Improving Quality Education in Moanoghar School পরিদর্শনের স্থিরচিত্র

৩৬। **সুপারিশসমূহ:**

১। বিদেশী অর্থায়নে পরিচালিত মোনঘর এনজিও রাঙ্গামাটির সদর ছাড়াও বিভিন্ন উপজেলার প্রত্যন্ত অঞ্চলে এর কার্যক্রম সম্প্রসারণের জন্য সুপারিশ করছি।

24/05/18

পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mochta.gov.bd

টংগ্যা এনজিও পরিদর্শন ছক

১ম অংশ

০১।	পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী	:	জনাব মো: সফিকুর রহমান, সহকারী সচিব (গবেষণা কর্মকর্তা) ও সহকারী পরিচালক, শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, ঢাকা
০২।	পরিদর্শনের অফিস আদেশ নং ও তারিখ	:	নং-২৯.০০.০০০০.২১৮.০৫.০১৬.২৩-২০৬; তারিখ: ২৮/০৫/২০২৪ খ্রি.
০৩।	পরিদর্শনের তারিখ	:	৩০ মে ২০২৪ খ্রিঃ
০৪।	এনজিও'র নাম ও ঠিকানা	:	টংগ্যা, রাজবাড়ী রোড, রাঙামাটি সদর, রাঙামাটি পার্বত্য জেলা।
০৫।	ব্যুরোর নিবন্ধন নম্বর ও তারিখ এবং সর্বশেষ নবায়নের তারিখ	:	এনজিও বিষয়ক ব্যুরো-১৫৩৭, ১৮.০৬.২০০০ নবায়ন-১৮.০৬.২০২০
০৬।	পরিদর্শিত এনজিও'র নির্বাহী প্রধানের নাম ও পদবী, টেলিফোন /মোবাইল ফোন নম্বর	:	প্রানজিত দেওয়ান, নির্বাহী পরিচালক, 01556746829
০৭।	পরিদর্শনকালে উপস্থিত এনজিও'র কর্মকর্তাগণের নাম ও পদবী	:	**ক্রমিক নং** | উপস্থিত কর্মীর নাম | পদবী ০১. | প্রানজিত দেওয়ান | নির্বাহী পরিচালক ০২. | তেজোদীপ্ত চাকমা | এডমিন অফিসার ০৩. | উদয়শংকর চাকমা | ফাইন্যান্স অফিসার ০৪. | শিপন চাকমা | প্রকল্প কর্মকর্তা
০৮।	কর্মসূচিটি সংস্থা কর্তৃক সরাসরি না সহযোগী এনজিও কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে? সহযোগী এনজিও কর্তৃক বাস্তবায়িত হলে তার নাম ও ঠিকানা এবং সমাজসেবা অধিদপ্তর/ মহিলাবিষয়ক অধিদপ্তরের নিবন্ধন নম্বর ও তারিখ	:	কর্মসূচিটি সংস্থা কর্তৃক সরাসরি বাস্তবায়ন করা হয়েছে।
০৯।	প্রকল্প বাস্তবায়নের শর্ত মোতাবেক এফডি-৬ এর কপি স্থানীয় প্রশাসনকে (জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা) প্রদান করা হয়েছে কিনা? হয়ে থাকলে প্রমানক প্রদান করতে হবে।	:	হ্যাঁ হয়েছে, প্রমানক নিম্নে সংযুক্ত করা হয়েছে।
১০।	স্থানীয় প্রশাসন/সরকারী দপ্তরকে (প্রযোজ্য ক্ষেত্রে) কিভাবে সম্পৃক্ত করা হয়েছে সে মর্মে সংক্ষপ্তি ও স্পষ্ট বর্ণনা।	:	১) প্রতি মাসে কর্মসূচির প্রতিবেদন বিলাইছড়ি, রাঙামাটি সদর ও রাঙামাটি জেলা প্রশাসকের কার্যালয়ে দাখিল করা হয়েছে। ২) কোভিড-১৯ এর সময়ে ত্রাণ বিতরণ কালে রাঙামাটি সদর উপজেলার উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে ত্রান বিতরণ করা হয়েছে। ৩) জেলা প্রশাসকের কার্যালয়ের মাসিক সাধারণ সভায় প্রকল্প বিষয়ে প্রতিবেদন উপস্থাপন করা হয়েছে। যেহেতু উক্ত প্রকল্পটি ইকো-ট্যুরিজমের কিছু কাজ ছিল, তাই জেলা প্রশাসক মহোদয় উক্ত প্রকল্প কার্যক্রমকে বর্ধিত করে রাঙামাটি সদরে পর্যটনের গুরুত্বপূর্ণ স্থান সমূহে শৌচাগার নির্মাণ করে দেয়ার জন্য অনুরোধ জানিয়ে ছিলেন।
১১।	প্রকল্প বাস্তবায়নকালে স্থানীয় প্রশাসনরে কোন কোন র্কমর্কতা,কখন প্রকল্প পরর্দিশন করছেনে তাদরে নাম,পাদবী ও তাদরে মন্তব্যের আলোকে গৃহীত ব্যবস্থা।	:	১) রাঙামাটি সদর উপজেলার তৎকালীন উপজেলা নির্বাহী অফিসার ফাতেমা তুজ জোহরা উপমা, প্রকল্প এলাকা পরিদর্শন করেছিলেন এবং কোভিড-১৯ এর সময়ে ত্রাণ বিতরণ করে ছিলেন। ২) বিলাইছড়ি উপজেলার তৎকালীন উপজেলা নির্বাহী অফিসার পারভেজ চৌধুরী বিলাইছড়িতে আমাদের প্রকল্প এলাকায় ইকো-ট্যুরিজম স্পট পরিদর্শন করে ছিলেন। পরিদর্শন কালে উক্ত প্রকল্প কার্যক্রম বর্ধিত করে ভ্রমনার্থীদের জন্য স্থায়ী শৌচালয়, বিশ্রামাগার নির্মাণ করে দেয়ার জন্য অনুরোধ জানিয়ে ছিলেন। কিন্তু প্রকল্পের মেয়াদ ও বাজেট কম হওয়ায় পরবর্তীতে আর কাজ করা সম্ভব হয়নি।
১২।	পরিদর্শন রেজিষ্টার আছে কিনা? পরিদর্শন প্রতিবেদনসমূহ যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে কিনা?	:	পরিদর্শন রেজিস্টার আছে এবং প্রতিবেদনসমূহ যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে।
১৩।	পরিদর্শনকালে কতজন বিদেশীকর্মী/ বিদেশী সে¦চ্ছাসেবক কর্মরত পাওয়া গেছে এবং তারা কোন কোন প্রকল্পের অধীন কর্মরত (প্রযোজ্য ক্ষেত্রে)?	:	উক্ত প্রকল্পে কোনো বিদেশীকর্মী/ বিদেশী স্বেচ্ছাসেবক ছিলেন না।
১৪।	বিদেশী কর্মী/সেচ্ছাসেবক অনুপস্থিত থাকলে (দেশের বাহিরে) কী কারণে অনুপস্থিত এবং কতদিন যাবৎ অনুপস্থিতর যৌক্তকি কারণ?	:	প্রযোজ্য নয়।

১৫।	অনুমোদিত প্রকল্প মোতাবেক জনবলের বিবরণ, নাম পদবী যোগদানের তারিখ ও বেতন স্কেল	:	১) জ্ঞান বিকাশ চাকমা, প্রজেক্ট অফিসার, যোগদানের তারিখ- ০১/০৯/২০১৯, সর্বসাকুল্যে বেতন- ১৭,০০০/= টাকা। ২) উদয় শংকর চাকমা, হিসাব কর্মকর্তা, যোগদানের তারিখ- ০১/০৯/২০১৯, সর্বসাকুল্যে বেতন (আংশিক)- ৫,০০০/= টাকা।
১৬।	কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করা হচ্ছে কিনা?	:	কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করা হয়েছে।
১৭।	সংস্থা কর্তৃক কোন সেবামূল্য (Service Charge) আদায় করা হচ্ছে কিনা? এই সেবামূল্য গ্রহণ ব্যুরো কর্তৃক অনুমোদিত কিনা এবং এটি কিভাবে ব্যবহৃত হচ্ছে?	:	কোন প্রকার সেবামূল্য (Service Charge) আদায় করা হয়নি।

২য় অংশ

১৮।	সংস্থার পরিদর্শনকৃত অফিস/ এলাকার নাম (গ্রাম পর্যায় পর্যন্ত উল্লেখ করতে হবে)	:	টংগ্যা কার্যালয়, রাজবাড়ী সড়ক, রাঙামাটি সদর, রাঙামাটি পার্বত্য জেলা।		
১৯।	পরিদর্শিত ইউনিটে/অফিসে Implementation Plan আছেকিনা। Implementation Plan টি স্বচ্ছ কিনা অর্থাৎ তা পাঠ করে কী কাজ, কখন হবে, কীভাবে হবে, বরাদ্দকৃত অর্থ, সময়সীমা ইত্যাদি সম্পর্কে কীরূপ ধারণা পাওয়া যায় (Implementation Plan টি সংযুক্ত করতে হবে)।	:	পরিদর্শিত ইউনিটে/অফিসে Implementation Plan আছে। Implementation Plan পাঠ করে তাদের কাজ, কখন হবে, কীভাবে হবে, বরাদ্দকৃত অর্থ, সময়সীমা ইত্যাদি সম্পর্কে পরিস্কার ধারণা পাওয়া যায়।		
২০।	পরিদর্শিত প্রকল্পের বিস্তারিত তথ্যাদি	:			
২০.১।	ক) প্রকল্পের নাম	:	Develop Role Model of Hill Water Resources and Natural Forest Conservation of Ethnic Communities through Youth Engagement		
	খ) প্রকল্পের মেয়াদ	:	০১.০৮.২০১৯ খ্রিঃ হতে ৩১.০৩.২০২১ খ্রিঃ		
	গ) প্রকল্প সন	:			
	ঘ) অগ্রগতি	:	১০০ ভাগ বাস্তবায়িত হয়েছে।		
ক্রম নং	সংস্থার বাস্তবায়নাধীন প্রকল্পের নাম	অর্থ বর্ষ		বরাদ্দ	ব্যয়
১	Partnership for Resilient Livelihoods in CHT Region [PRLC]	সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ - সেপ্টেম্বর ২০২৬ খ্রিঃ		৪,৮০,২৯,০৮১	৩৭,১৬,৪৯৮
২	Empowering Young Leaders for Sustainable Management of Traditional Village Common Forests and Ecology	সেপ্টেম্বর ২০২৩ খ্রিঃ - সেপ্টেম্বর ২০২৫ খ্রিঃ		৭৫,৪১,৫০০	৩৮,২০,৪৮৭
৩	Support for Community School under BRAC NFPE Bridge Schools Project	আগস্ট ২০২৩ খ্রিঃ -৩০ জুন ২০২৫ খ্রিঃ		৪২,৩২,৩৫৮	১১,৬২,৮২০
২১।	প্রকল্পটির তথ্য স্থানীয় জনসাধারণের মাঝে প্রচারের কি ধরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে (ওয়েব সাইটে ও সাইন বোর্ডে)।	সংস্থার ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা করা হয়েছে।			

৩য় অংশ

২২।	হিসাব সংরক্ষণ ও ব্যবস্থাপনার উপর পর্যবেক্ষণ:		
ক)	সংস্থা কর্তৃক দু'তরফা দাখিলা পদ্ধতিতে ক্যাশবহি ও লেজার সংরক্ষণ করা হচ্ছে কিনা ?	:	টালি সফটওয়ার এর মাধ্যমে কম্পিউটারে সংরক্ষিত আছে। পাশাপাশি উক্ত হিসাব প্রিন্ট করে হার্ড কপিও রাখা হয়েছে।
খ)	ক্যাশবহি, লেজার, ভাউচার-এ দায়িত্বশীল কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে স্বাক্ষর করা হচ্ছে কিনা?	:	হার্ড কপিগুলোতে দায়িত্বশীল কর্মকর্তা কর্তৃক যথাযথভাবে স্বাক্ষর করা হয়েছে।
গ)	বিল/ভাউচার তৈরী ও সংরক্ষণ ব্যবস্থা যথাযথ কিনা?	:	হ্যাঁ
ঘ)	৫০০/-টাকা বা তার চেয়ে বেশী যে কোন ব্যয়ের ক্ষেত্রে যথাযথভাবে রাজস্ব টিকেট সংযুক্ত করা হচ্ছে কিনা?	:	হ্যাঁ
ঙ)	চেক রেজিষ্টার সংরক্ষণ করা হচ্ছে কিনা?	:	হ্যাঁ
চ)	স্টক রেজিষ্টার সংরক্ষণ করা হচ্ছে কিনা?	:	হ্যাঁ
ছ)	মাদার একাউন্ট, প্রকল্পের সংশ্লিষ্ট ব্যাংক একাউন্ট এবং পরিদর্শিত এলাকার ব্যাংক একাউন্টের বিবরণ	:	১) মাদার একাউন্ট- 00480320000195, ট্রাষ্ট ব্যাংক, বনরূপা রাঙামাটি। ২) প্রকল্পের ব্যাংক একাউন্ট- 0048-0210007879, Taungya-IPAF Project, ট্রাস্ট ব্যাংক, বনরূপা রাঙামাটি।
জ)	উল্লিখিত একাউন্টসমুহের বিগত বৎসরের ব্যাংক বিবরণী পর্যালোচনা (কোন অস্বাভাবিক লেনদেন হয়ে থাকলে পরিদর্শনকারী কর্মকর্তা তা উল্লেখ করবেন)	:	অস্বাভাবিক কোনো লেনদেন পরিলক্ষিত হয়নি।

ঝ)	ব্যুরো কর্তৃক অর্থছাড়ের পূর্বে মাদার একাউন্ট /প্রকল্প একাউন্টে অর্থ গ্রহণ করা হয়েছে কিনা (একাউন্ট নম্বরসহ)?	:	না
ঞ)	প্রকল্পে নিজস্ব অনুদান থাকলে বৈদেশিক অনুদানের পাশাপাশি তা প্রকল্প একাউন্টে জমা করা হয়েছে কিনা?	:	প্রকল্পে সংস্থার নিজস্ব অনুদান থাকলেও তা ক্যাশ প্রদান করা হয়নি। উক্ত অনুদান সংস্থার পক্ষ থেকে বিভিন্ন জিনিস-পত্র প্রকল্পে ব্যবহারের জন্য সরবরাহের মাধ্যমে প্রদান করা হয়েছে। যেমন-অফিসে বসার জায়গা, কম্পিউটার, যাতায়াতের জন্য ইঞ্জিন বোট, প্রকল্প ব্যবস্থাপনায় ভলান্টিয়ার সার্ভিস ইত্যাদি।
২৩।	অভ্যন্তরীণ ব্যয়নিয়ন্ত্রণ ব্যবস্থা আছে কিনা? থাকলে তার বিবরণ	:	সংস্থার অর্থব্যবস্থাপনার জন্য অনুমোদিত নিজস্ব বিধিমালা/পলিসি রয়েছে। উক্ত নীতিমালা অনুসারে যাবতীয় আয়-ব্যয় নিয়ন্ত্রণ ও সম্পাদন করা হয়। পাশাপাশি, প্রকল্পের আয়-ব্যয় নির্বাহের ক্ষেত্রে এনজিও বিষয়ক ব্যুরো এবং দাতা সংস্থার যদি কোনো বিশেষ নির্দেশনা থাকে সেগুলোও মেনে চলা হয়।
২৪।	উৎসে আয়কর কর্তন করা হচেছ কিনা?	:	হ্যাঁ VAT ও TAX কর্তন করা হচ্ছে, এবং যথা নিয়েমে সরকারী কোষাগারে জমা দেয়া হচ্ছে।
২৫।	নিয়মিত কর্তিত/ পরিশোধিত হয় কিনা?	:	হ্যাঁ হয়।
২৬।	স্থায়ী রেজিস্টার সংরক্ষণ করা হচেছ কিনা? চলতি বছর অর্জিত সম্পত্তি ও এর মূল্য সংক্রান্ত তথ্য	:	হ্যাঁ হয়।
২৭।	ব্যুরোর অনুমোদিত FD-৬ এর আওতায় যানবাহন ক্রয় করা হয়েছে কিনা? হয়ে থাকলে যানবাহনের ক্রয় করা হয়েছে এবং যানবাহনের Blue Book সংস্থার নামে করা হয়েছে কিনা? যানবাহনের নিবন্ধন নম্বর আছে কিনা?	:	প্রযোজ্য নয়। বর্তমানে সংস্থায় কোনো যানবাহন নাই।
২৮।	অনুমোদিত ক্রয়বিধি আছে কিনা? নীতিমালার সাথে সংগতিপূর্ণ (Rationale) কিনা? ক্রয় কমিটি আছে কিনা?	:	হ্যাঁ অনুমোদিত ক্রয়বিধি ও ক্রয় কমিটি আছে।
২৯।	বড় ধরনের ক্রয়ে সিদ্ধান্ত গ্রহণ, দরপত্র আহবান, যাচাই, অনুমোদন, কার্যাদেশ প্রদান, অর্থ প্রদান ইত্যাদি ক্ষেত্রে কী প্রক্রিয়া অনুসরণ করা হয়েছে?	:	সংস্থার সকল প্রকার ক্রয় পরিচালনার জন্য অনুমোদিত ক্রয় পলিসি/বিধিমালা রয়েছে। উক্ত পলিসি/বিধিমালা অনুসারে যাবতীয় ক্রয়ের সিদ্ধান্ত গ্রহণ, দরপত্র আহবান, যাচাই, অনুমোদন, কার্যাদেশ প্রদান, ব্যাংক একাউন্টের বা চেকের মাধ্যমে বিল প্রদান ইত্যাদি সম্পাদন করা হয়।

৪র্থ অংশ

৩০।	Best Practice (যদি থাকে) এর সুস্পষ্ট বর্ণনা	:	১. প্রকল্পে কমিউটির সম্পৃক্ততা ও মালিকানা নিশ্চিত করা হয়েছে, তারা তাদের এলাকায় নিজেদের উদ্যোগে ইকো-ট্যুরিজম ব্যবস্থাপনা করছেন, পাশাপাশি জলবায়ু পরিবর্তন ও বন রক্ষায় কাজ করছেন। যুবারা ট্যুরিস্ট গাইড হিসেবে কাজ করছেন, এতে তাদের বেকারত্ব কিছুটা লাঘব হয়েছে। এই কার্যক্রম পরিচালনার জন্য টংগ্যার পক্ষ থেকে তাদের ব্যবস্থাপনা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ২. সীমিত পরিসরে হলেও এই প্রকল্প স্থানীয় ভাবে দুর্গম পাহাড়ী অঞ্চলে একটি স্থায়ীত্বশীল উন্নয়নের সোপান হিসেবে কাজ করবে।
৩১।	কোন Innovation থাকলে সুস্পষ্ট বর্ণনা	:	প্রকল্পে কমিউনিটির নারী, পুরুষ এবং যুবারা ইকো-ট্যুরিজম ব্যবস্থাপনা কাজ করার পাশাপাশি জলবায়ু পরিবর্তন ও প্রথাগত ব্যবস্থাপনায় বন, জীববৈচিত্র ও জল বিভাজিকা রক্ষায় ভূমিকা রাখছেন। যা তাদের জীবিকায়ন, প্রাকৃতিক সম্পদ রক্ষায় ইতিবাচক প্রভাব পড়ছে।
৩২।	পরিদর্শিত কর্মসূচীর বিষয়ে বেনিফিসিয়ারী, সংশ্লিষ্ট কর্মকর্তা, জনপ্রতিনিধি প্রমুখের সাথে সাক্ষাতকারের বিবরণ এবং প্রকল্প কর্মসূচী বাস্তবায়নের ফল বিশ্লেষণ।	:	প্রকল্পের কার্যক্রম এলাকা রাঙামাটি শহর থেকে অনেক দুরে এবং বর্তমানে কাপ্তাই জলাশয়ের পানি শুকিয়ে যাওয়ায় যোগাযোগ ব্যবস্থার অবনতি হওয়ায় সরাসরি প্রকল্প এলাকায় যাওয়া সম্ভব হয়নি। যার কারণে সুফলভোগী বা জনপ্রতিনিধি প্রমুখের সাথে সাক্ষাত করা সম্ভব হয়নি। তবে প্রকল্প ব্যবস্থাপনায় কাজ করা কর্মসূচি ব্যবস্থাপক (বর্তমানে নির্বাহী পরিচালক), ফাইন্যান্স কর্মকর্তা গণের সাথে সরাসরি আলোচনা করা হয়েছে।
৩৩।	পরিদর্শনে প্রাপ্ত অনিয়মের বিবরণ (প্রয়োজনে পৃথক কাগজে সংযুক্ত করতে হবে)	:	প্রযোজ্য নয়, (উল্লেখ যোগ্য তেমন কিছু পাওয়া যায়নি)

৩৪।	পরিদর্শনকারী কর্মকর্তার মন্তব্য	:	ইকো ট্যুরিজম ব্যবস্থাপনার পাশাপাশি জলবায়ু পরিবর্তন ও বন রক্ষায় ট্যুরিস্ট গাইড হিসেবে সংস্থার অগ্রগতি ব্যাপকহারে বৃদ্ধি করা প্রয়োজন।

৩৫। সাধারণ পর্যক্ষেণ (ছবিসহ):





ছবি: টংগ্যা এর Develop Role Model of Hill Water Resources and Natural Forest Conservation of Ethnic Communities through Youth Engagement পরিদর্শনের স্থির চিত্র

৩৬। **সুপারিশসমূহ:**

১) এই জাতীয় প্রকল্পের মাধ্যমে ইকো ট্যুরিজম সম্প্রসারণ, কর্মসংস্থান তৈরী করা, প্রাকৃতিক সম্পদ রক্ষা করা তথা জলবায়ু পরিবর্তন রোধ কল্পে আরো বর্ধিত ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা নিয়ে কাজ করা প্রয়োজন।

১২/০১/২৪

পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর

প্রকল্প বাস্তবায়নের শর্ত মোতাবেক এফডি-৬ এর কপি স্থানীয় প্রশাসনকে (জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা) প্রদানের প্রমানক

taungya
An Organization
For Indigenous Culture, Environment & Socio- Economic Advancement.

স্মারক নং- Taungya-IPAF/Rangamati/2019 - 60 (3) তারিখ :- 23/12/2019

বরাবর,
জেলা প্রশাসক,
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

বিষয় ঃ- প্রকল্পের FD-6 প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ- ০৩.০৭.০০০০.৬৬২.৬৮.০৯৫.১৯-১১৩৩, তারিখ- ১৫/১২/২০১৯খ্রিঃ

মহোদয়,
টংগ্যার পক্ষ তেকে আন্তরিক শুভেচ্ছা নিবেন।
এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক প্রেরিত পত্রের (সংযুক্ত) বিষয় ও সূত্রের আলোকে জানাচ্ছি যে, TEBTEBBA-Philipines-এর অর্থায়নে টংগ্যা **"Develop Role Model of Hill Water Resource and Natural Forests Conservation of Ethnic Communities through Youth Engagement"** শীর্ষক প্রকল্প রাঙ্গামাটি সদর ও বিলাইছড়ি উপজেলায় বাস্তবায়ন করতে যাচ্ছে। উক্ত প্রকল্প সম্পর্কে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রকল্পের FD-6 প্রেরণ করা হল।

অতএব, মহোদয় উপরোক্ত বিষয়ে সহযোগীতা করে বাধিত করবেন।

আপনার বিশ্বস্ত ।

(বিপ্লব চাকমা)
নির্বাহী পরিচালক
টংগ্যা।
Executive Director
Taungya

সংযুক্তি-
১। এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক প্রেরিত পত্র - ১ কপি
২। প্রকল্পের FD-6 - ১সেট।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১. উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি।
২. উপজেলা নির্বাহী অফিসার, বিলাইছড়ি, রাঙ্গামাটি।
৩. সংরক্ষণ নথি।

Rajbari Road, Rangamati, Post Code-4500, Rangamati Hill District, Bangladesh
☎(0351) 61480/62111, Email: taungyacht@gmail.com, Website: www.taungya.org

taungya
An Organization
For Indigenous Culture, Environment & Socio- Economic Advancement.

স্মারক নং- Taungya-IPAF/Rangamati/2019-60(3) তারিখ:- 23/12/2019

বরাবর,
জেলা প্রশাসক,
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

বিষয় ঃ- প্রকল্পের FD-6 প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ- ০৩.০৭.০০০০.৬৬২.৬৮.০৯৫.১৯-১১৩৩, তারিখ- ১৫/১২/২০১৯খ্রিঃ

মহোদয়,
টংগ্যার পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা নিবেন।
এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক প্রেরিত পত্রের (সংযুক্ত) বিষয় ও সূত্রের আলোকে জানাচ্ছি যে, TEBTEBBA-Philipines-এর অর্থায়নে টংগ্যা **"Develop Role Model of Hill Water Resource and Natural Forests Conservation of Ethnic Communities through Youth Engagement"** শীর্ষক প্রকল্প রাঙ্গামাটি সদর ও বিলাইছড়ি উপজেলায় বাস্তবায়ন করতে যাচ্ছে। উক্ত প্রকল্প সম্পর্কে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রকল্পের FD-6 প্রেরণ করা হল।

অতএব, মহোদয় উপরোক্ত বিষয়ে সহযোগীতা করে বাধিত করবেন।

আপনার বিশ্বস্ত।

(বিপ্লব চাকমা)
নির্বাহী পরিচালক
টংগ্যা।

Executive Director
Taungya

সংযুক্তি-
১। এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক প্রেরিত পত্র - ১ কপি
২। প্রকল্পের FD-6 - ১সেট।

Received
Bith
26.12.19

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১. উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি।
২. উপজেলা নির্বাহী অফিসার, বিলাইছড়ি, রাঙ্গামাটি।
৩. সংরক্ষণ নথি।

Rajbari Road, Rangamati, Post Code-4500, Rangamati Hill District, Bangladesh
☎(0351) 61480/62111, Email: taungyacht@gmail.com, Website: www.taungya.org

taungya
An Organization
For Indigenous Culture, Environment & Socio- Economic Advancement.

স্মারক নং- Taungya-IPAF/Rangamati - 60 (3) তারিখ ঃ- 23/12/2019

বরাবর,
জেলা প্রশাসক,
রাঙ্গামাটি পার্বত্য জেলা।

বিষয় ঃ- প্রকল্পের FD-6 প্রেরণ প্রসঙ্গে।

সূত্র ঃ- ০৩.০৭.০০০০.৬৬২.৬৮.০৯৫.১৯-১১৩৩, তারিখ- ১৫/১২/২০১৯খ্রিঃ

মহোদয়,
টংগ্যার পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা নিবেন।
এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক প্রেরিত পত্রের (সংযুক্ত) বিষয় ও সূত্রের আলোকে জানাচ্ছি যে, TEBTEBBA-Philipines-এর অর্থায়নে টংগ্যা **"Develop Role Model of Hill Water Resource and Natural Forests Conservation of Ethnic Communities through Youth Engagement"** শীর্ষক প্রকল্প রাঙ্গামাটি সদর ও বিলাইছড়ি উপজেলায় বাস্তবায়ন করতে যাচ্ছে। উক্ত প্রকল্প সম্পর্কে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রকল্পের FD-6 প্রেরণ করা হল।

অতএব, মহোদয় উপরোক্ত বিষয়ে সহযোগীতা করে বাধিত করবেন।

আপনার বিশ্বস্ত।

(বিপ্লব চাকমা)
নির্বাহী পরিচালক
টংগ্যা।

Executive Director
Taungya

সংযুক্তি-

১। এনজিও বিষয়ক ব্যুরো কর্তৃক প্রেরিত পত্র - ১ কপি
২। প্রকল্পের FD-6 - ১সেট।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

১. উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গামাটি সদর, রাঙ্গামাটি।
২. উপজেলা নির্বাহী অফিসার, বিলাইছড়ি, রাঙ্গামাটি।
৩. সংরক্ষণ নথি।

Rajbari Road, Rangamati, Post Code-4500, Rangamati Hill District, Bangladesh
☎(0351) 61480/62111, Email: taungyacht@gmail.com, Website: www.taungya.org

Scanned with CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mochta.gov.bd
এনজিও পরিদর্শন ছক

১ম অংশ

০১।	পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী	:	জনাব মো: সফিকুর রহমান, সহকারী সচিব (গবেষণা কর্মকর্তা) ও সহকারী পরিচালক, শেখ হাসিনা পার্বত্য চট্টগ্রাম ঐতিহ্য সংরক্ষণ ও গবেষণা কেন্দ্র, ঢাকা
০২।	পরিদর্শনের অফিস আদেশ নং ও তারিখ	:	নং-২৯.০০.০০০০.২১৮.০৫.০১৬.২৩-২০৬; তারিখ: ২৮/০৫/২০২৪ খ্রি.
০৩।	পরিদর্শনের তারিখ	:	৩০-০৫-২০২৪ খ্রি.
০৪।	এনজিও'র নাম ও ঠিকানা	:	বাংলাদেশ পরিবার পরিকল্পনা সমিতি (এফপিএবি) রাঙ্গামাটি শাখা। কোর্ট বিল্ডিং এলাকা, বনরুপা, রাঙ্গামাটি
০৫।	ব্যুরোর নিবন্ধন নম্বর ও তারিখ এবং সর্বশেষ নবায়নের তারিখ	:	ব্যুরোর নিবন্ধন নম্বর : ০৬৮ তারিখ ১৮/০৪/১৯৮১ সর্বশেষ নবায়নের তারিখ ১৫/১০/২০১৫
০৬।	পরিদর্শিত এনজিও'র নির্বাহী প্রধানের নাম ও পদবী, টেলিফোন /মোবাইল ফোন নম্বর	:	জনাব মো: হেলাল উদ্দিন ভুঞা , আহবায়ক, তত্ত্বাবধায়ক বডি (এফপিএবি) ও অতিরিক্ত পরিচালক (কার্যক্রম-২) সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। মোবাইল: ০১৭১৭১০৫৪৪৯ +৮৮০২৪৯৩৫৪২১৩, ০২২২২২২৬৭৬ **ই-মেইল: info@fpab.org.bd**
০৭।	পরিদর্শনকালে উপস্থিত এনজিও'র কর্মকর্তা/কর্মকর্তাগণের নাম ও পদবী	:	(নিম্নে দেখুন)
০৮।	কর্মসূচিটি সংস্থা কর্তৃক সরাসরি না সহযোগী এনজিও কর্তৃক বাস্তবায়ন করা হচ্ছে? সহযোগী এনজিও কর্তৃক বাস্তবায়িত হলে তার নাম ও ঠিকানা এবং সমাজসেবা অধিদপ্তর/ মহিলাবিষয়ক অধিদপ্তরের নিবন্ধন নম্বর ও তারিখ	:	অরণ্য ডেভেলপমেন্ট ফাউন্ডেশন, চম্পক নগর, বনরুপা, রাঙ্গামাটি- ৪৫০০ রাঙ্গামাটি পার্বত্য জেলা। সমাজসেবা নিবন্ধন নম্বর ঃ রাঙ্গা/২৭৯/২০১০ তারিখ ঃ ১৯/১২/২০১০
০৯।	প্রকল্প বাস্তবায়নের শর্ত মোতাবেক এফডি-৬ এরকপি স্থানীয় প্রশাসনকে (জেলাপ্রশাসক ও উপজেলা নির্বাহী কর্মকর্তা) প্রদান করা হয়েছে কিনা? হয়ে থাকলে প্রমানক প্রদান করতে হবে।	:	হ্যাঁ, এফডি-৬ প্রদানের তারিখ : ৩০ নভেম্বর'২০২১
১০।	স্থানীয় প্রশাসন/সরকারী দপ্তরকে (প্রযোজ্য ক্ষেত্রে) কিভাবে সম্পৃক্ত করা হয়েছে সে মর্মে সংক্ষপ্তি ও স্পষ্ট র্বণনা।	:	প্রতিমাসে প্রতিবেদন প্রদান ও মাঠ পর্যায়ে সুপারভিশন ও মনিটরিংয়ের মাধ্যমে
১১।	প্রকল্প বাস্তবায়নকালে স্থানীয় প্রশাসনের কোন কোন কর্মকর্তা, কখন প্রকল্প পরিদর্শন করেছেন তাদের নাম, পদবী ও তাদের মন্তব্যের আলোকে গৃহীত ব্যবস্থা।	:	জনাব নাজমা বিনতে আমিন, উপজেলা নির্বাহী অফিসার, রাঙ্গামাটি সদর উপজেলা , রাঙ্গামাটি পার্বত্য জেলা, তারিখ : ০৮/০৩/২০২২, জনাব সাথোয়াই প্রু মারমা, সদস্য, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ রাঙ্গামাটি পার্বত্য জেলা , তারিখ ঃ ২৪/১০/২০২১
১২।	পরিদর্শন রেজিষ্টার আছে কিনা? পরিদর্শন প্রতিবেদনসমূহ যথাযথভাবে সংরক্ষণ করা হচ্ছে কিনা?	:	হ্যাঁ
১৩।	পরিদর্শনকালে কতজন বিদেশীকর্মী/ বিদেশী সে¦চ্ছাসেবক কর্মরত পাওয়া গেছে এবং তারা কোন কোন প্রকল্পের অধীন কর্মরত (প্রযোজ্য ক্ষেত্রে)?	:	প্রযোজ্য নহে
১৪।	বিদেশী কর্মী/সেচ্ছাসেবক অনুপস্থিত থাকলে (দেশের বাহিরে) কী কারণে অনুপস্থিত এবং কতদিন যাবৎ অনুপস্থিতর যৌক্তকি কারণ?	:	প্রযোজ্য নহে
১৫।	অনুমোদিত প্রকল্প মোতাবেক জনবলের বিবরণ, নাম পদবী যোগদানের তারিখ ও বেতন স্কেল	:	১। জনাব অরুন কুমার শীল, জেলা কর্মকর্তা, যোগদানের তারিখ : ০৯-০৪-২০০০ বেতন স্কেল- ১৯,৪৮০/- ২। জনাব সহিদুল ইসলাম, কো-অর্ডিনেটর (অর্থ) যোগদানের তারিখ : ১৬-০৬-১৯৯৭, বেতন স্কেল- ১৮,৪৫০/- ৩। ডা. ক্যায়েং চাক, মেডিকেল অফিসার, যোগদানের তারিখ : ০১-০১-২০০৭ বেতন স্কেল- ২৮,৪০০/-

ক্রমিক নং	উপস্থিত কর্মীর নাম	পদবী
০১.	ডা: ক্যায়েং চাক	মেডিকেল অফিসার ও জেলা কর্মকর্তা(ভাঃ)
০২.	রিপন চাকমা	কো-অর্ডিনেটর প্রোগ্রাম
০৩.	মিসেস তনয়া চাকমা	এক্সিকিউটিভ ক্লিনিক্যাল সার্ভিসেস
০৪.	গুন গুন চাকমা	এক্সিকিউটিভ ল্যাব: টেকনোলজিষ্ট
০৫.	মিসেস ফিরোজা বেগম	এসিসটেন্ট ক্লিনিং
০৬	মো: জাহাঙ্গীর আলম	এসিসটেন্ট সিকিউরিটি
০৭	সুনীল মিত্র চাকমা	এসিসটেন্ট সিকিউরিটি

			৪। রিপন চাকমা, কো-অর্ডিনেটর প্রোগ্রাম, ২৮-০৭-২০০৭ বেতন স্কেল- ১২,৫৯০/- ৫। জনাব ইতি চাকমা, এক্সিকিউটিভ ক্লিনিক্যাল সার্ভিস, যোগদানের তারিখ : ২৩-০৮-২০১১ বেতন স্কেল- ১২,৯৯৫/- ৬। জনাব তনয়া চাকমা, এক্সিকিউটিভ ক্লিনিক্যাল সার্ভিস, যোগদানের তারিখ : ২০-১০-২০১৬, বেতন স্কেল- ৭,৫০০/- ৭। জনাব মল্লিকা আক্তার, এক্সিকিউটিভ কাউন্সিলিং, যোগদানের তারিখ : ১৯-০২-২০২০ বেতন স্কেল- ৭,৫০০/-
১৬।	কর্মকর্তা-কর্মচারীদের বেতন-ভাতা ব্যাংক হিসাবের মাধ্যমে পরিশোধ করা হচ্ছে কিনা?	:	হ্যাঁ
১৭।	সংস্থা কর্তৃক কোন সেবামূল্য (Service Charge) আদায় করা হচ্ছে কিনা? এই সেবামূল্য গ্রহণ ব্যুরো কর্তৃক অনুমোদিত কিনা এবং এটি কিভাবে ব্যবহৃত হচ্ছে?	:	না

২য় অংশ

১৮।	সংস্থার পরিদর্শনকৃত অফিস/ এলাকার নাম (গ্রাম পর্যায় পর্যন্ত উল্লেখ করতে হবে)	:	রাঙ্গামাটি সদর উপজেলা পৌরসভা ওয়ার্ড নং- ১,২,৪,৫,৬,৭,৮		
১৯।	পরিদর্শিত ইউনিটে/অফিসে Implementation Plan আছে কিনা। Implementation Plan টি সাচ্ছ কিনা অর্থাৎ তা পাঠ করে কী কাজ, কখন হবে, কীভাবে হবে, বরাদ্দকৃত অর্থ, সময়সীমা ইত্যাদি সম্পর্কে কীরূপ ধারণা পাওয়া যায় (Implementation Plan টি সংযুক্ত করতে হবে)।	:	হ্যাঁ		
২০।	পরিদর্শিত প্রকল্পের বিস্তারিত তথ্যাদি	:			
২০.১।	ক) প্রকল্পের নাম	:	Responding With Essential SRHR/Service Provision and New Delivery Mechanisms (RESPOND)		
	খ) প্রকল্পের মেয়াদ	:	০২-০৮-২০২২ হতে ৩১-০৭-২০২৩, ২ (দুই) বৎসর		
	গ) প্রকল্প সন	:	আগষ্ট'২০২১ থেকে জুলাই' ২০২৩		
	ঘ) অগ্রগতি	:			
ক্রম নং	সংস্থার বাস্তবায়নাধীন প্রকল্পের নাম	অর্থ বর্ষ		বরাদ্দ	ব্যয়
	জিআরইএসপি	০২-০৮-২০২১ হতে ৩১-০৭-২০২৩		২১,৪০,২৫৬	২১,৪০,২৫৬/-
২১।	প্রকল্পটির তথ্য স্থানীয় জনসাধারণের মাঝে প্রচারের কি ধরণের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে (ওয়েব সাইটে ও সাইন বোর্ডে)।	সাইনবোর্ড, লিফলেট ও মাইকিং কোভিড-১৯ সময় হট লাইন ও টেলিহেলথ্ সার্ভিসের মাধ্যমে কর্মএলাকায় প্রান্তিক ও ঝুকিপূর্ণ জনগোষ্ঠীর যৌন ও প্রজনন স্বাস্থ্যসেবা নিশ্চিত করা			

৩য় অংশ

২২।	হিসাব সংরক্ষণ ও ব্যবস্থাপনার উপর পর্যবেক্ষণ:		
